গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী
www.rajbarigovtcollege.edu.bd

রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ীর জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ সেমিপাকা টিনসেড ঘর নিলামে বিক্রয়ের সিডিউল।

এতদ্দ্বারা সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান/ব্যবসায়ীকে জানাচ্ছি যে, রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী-এর জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ সেমিপাকা টিনসেড ঘর বিক্রয় করা হবে। ইচ্ছুক প্রতিষ্ঠান বা ব্যবসায়ীকে নিম্নে উল্লিখিত তারিখ, দিন ও সময় মোতাবেক রাজবাড়ী সরকারি কলেজ অফিস হতে দরপত্র সিডিউল ক্রয় করে নিলামে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হল। দরপত্র সংক্রান্ত সিডিউল বর্ণিত তারিখসমূহে (কলেজ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরকারি ছুটির দিন ব্যতীত) কলেজ অফিস থেকে পাওয়া যাবে। স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি কলেজ বরাবর আবেদন পূর্বক প্রতি সিডিউলের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ সাপেক্ষে সিডিউল পাওয়া যাবে।

| লট নং | ঘরের বিবরণ | পরিমাণ | ইউনিট | সিডিউল বিক্রির তারিখ | সিডিউল জমার তারিখ, সময় ও স্থান | সিডিউল খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|---|---|---|
| ০১/২০২৫-২০২৬ | ইট<br>ব্যাটস এবং পি জে ব্রিকস<br>রাবিশ<br>এম এস রডস<br>দরজা চৌকাঠ<br>দরজা শাটার<br>জানালার গ্রিল<br>সি আই শিট<br>সি আই রিজিং<br>বাঁশের সিলিং | ১০০৪৭<br>৪৯০০<br>৪১০<br>৪৭<br>২৬৪<br>২৮<br>৮৬<br>১৫<br>১১৪<br>১৩১ | টি<br>ট<br>ঘনফুট<br>কেজি<br>ঘনফুট<br>ঘনফুট<br>বর্গফুট<br>বান্ডিল<br>রানিং ফুট<br>বর্গফুট | ০১/০৬/২০২৬ হতে ১৫/০৬/২০২৬ তারিখ দুপুর ০৩ টা পর্যন্ত | ১৮/০৬/২০২৬ তারিখ বৃহস্পতিবার দুপুর ১২.০০টা পর্যন্ত অধ্যক্ষের কার্যালয় রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী | ১৮/০৬/২০২৬ সময় বেলা ২টা স্থান: অধ্যক্ষের কার্যালয় রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী |

(প্রফেসর এ কে এম ইকরামুল করিম-১৬৯৬)
অধ্যক্ষ
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
ফোন নম্বর : ০২৪৭৮৮০৭৬৩০
ই-মেইল : rajbarigovt.college@yahoo.com

নম্বর : ৩৭.০২.৮২৭৬.০৪৩.৩৬.২৬.৬৪৫ তারিখ : ১৮/০৫/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো)।
৩। জেলা প্রশাসক, রাজবাড়ী। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো)।
৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।
৫। স্টেশন মাস্টার, রেলওয়ে, রাজবাড়ী। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।
৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী
www.rajbarigovtcollege.edu.bd

তারিখ : ১৮/০৫/২০২৬ খ্রি.

# ঃ দরপত্র বিজ্ঞপ্তি ঃ

এতদ্দ্বারা নিলামে অংশগ্রহণকারী (ট্রেড লাইসেন্সধারী) ঠিকাদারগণের নিকট থেকে রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী-এর জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ সেমিপাকা টিনসেড ঘর অপসারণের জন্য নিলামে বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিলামের বিস্তারিত তথ্য ও জ্ঞাতব্য বিষয়াবলী অত্র কলেজের ওয়েবসাইট www.rajbarigovtcollege.edu.bd জেলা প্রশাসক, রাজবাড়ীর ওয়েবসাইট (www.rajbari.gov.bd) এবং মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.dshe.gov.bd) থেকে জানা যাবে। প্রয়োজনে সিডিউলে প্রকাশিত সময়কালের মধ্যে অধ্যক্ষের দপ্তর থেকে প্রত্যেক কার্যদিবসে এ সংক্রান্ত তথ্য জানতে পারা যাবে। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ সেমিপাকা টিনসেড ঘর সরেজমিনে দেখতে পারবেন। পরবর্তীতে উহা না দেখার অজুহাতে দাখিলকৃত দরপত্র প্রত্যাহার/বাতিল ইত্যাদি করার জন্য আবেদন করলে তা গ্রহণযোগ্য হবে না। দরপত্রদাতাগণ দরপত্র খোলার সময় ইচ্ছা করলে উপস্থিত থাকতে পারবেন।

অত্র দরপত্রের শর্তাবলীর যে কোন শর্তের ব্যাপারে উদ্ভুত কোন সমস্যার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

দরপত্র গ্রহণের স্থান :
০১। অধ্যক্ষের কার্যালয়, রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।

১৮.০৫.২০২৬

(প্রফেসর এ কে এম ইকরামুল করিম-১৬৯৬)
অধ্যক্ষ
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
ফোন নম্বর : ০২৪৭৮৮০৭৬৩০
ই-মেইল : rajbarigovt.college@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী
www.rajbarigovtcollege.edu.bd

নম্বর : ৩৭.০২.৮২৭৬.০৪৩.৩৬.২৬. ৬৪৬

তারিখ : ১৮/০৫/২০২৬ খ্রি.

## "শর্তাবলী"

০১। দরপত্রদাতাগণকে অবশ্যই নির্ধারিত দরপত্র সিডিউল "অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী"- এর বরাবর সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের বাম পার্শ্বে দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা ও উপরে ডান প্রান্তে "সেমিপাকা টিনসেড ঘর ক্রয়ের দরপত্র" লিখিত থাকতে হবে। দরপত্র সিডিউলে সেমিপাকা টিনসেড ঘরের মূল্য অংকে ও কথায় পৃথক ভাবে এবং স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করতে হবে।

০২। দরপত্র দাখিলের পূর্বে দরপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র গ্রহণ করা হবে না।

(ক) সিডিউল ক্রয়ের মূল রশিদ

(খ) উদ্ধৃত মূল্যের ২.৫% টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি

(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি

(ঙ) ভ্যাট/ট্যাক্স এর হালনাগাদ সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি

(চ) যেকোন তফসিলী ব্যাংক হতে প্রাপ্ত সচ্ছলতা সার্টিফিকেটের ফটোকপি

(ছ) ২ কপি পাসপোর্ট সাইজের ফটো

০৩। দরপত্রদাতাগণের মধ্য থেকে বিজয়ী দরদাতাকে কার্যাদেশ গ্রহণের পূর্বে জামানতের অর্থ বাবদ অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী-এর বরাবরে ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার জমা দিতে হবে। জামানতের অর্থ কোন অবস্থাতেই নগদ অর্থে অথবা চেকের মাধ্যমে গ্রহণযোগ্য হবে না। অকৃতকার্য দরপত্রদাতার জামানতের অর্থ লিখিত আবেদনের ভিত্তিতে দরপত্র খোলার ০৭ (সাত) কার্যদিবস পর অবমুক্ত করে দেওয়ার ব্যবস্থা করা হবে। গৃহীত দরপত্রদাতাদের জামানতের অর্থ কার্যসম্পন্ন না হওয়া পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর হেফাজতে থাকবে।

০৪। দরপত্রের শর্তাবলী প্রতি পৃষ্ঠায় দরদাতার স্বাক্ষরসহ অন্যান্য কাগজপত্রের সাথে দাখিল করতে হবে।

০৫। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে লটে বর্ণিত সেমিপাকা টিনসেড ঘর সরেজমিনে দেখে আসবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার ওজর আপত্তি চলবে না বা গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট সেমিপাকা টিনসেড ঘরের অবস্থা বা অন্য কোন বিষয়ে ওজর-আপত্তি উত্থাপন পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে অস্বীকৃতি জানালে দরদাতার জামানতের অর্থ সরকারি খাতে বাজেয়াপ্ত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। বিজয়ী দরপত্রদাতাকে তার দরপত্র গৃহীত হওয়ার পর হতে ০৩ (তিন) দিনের মধ্যে সমুদয় মূল্য এবং ভ্যাট ও ট্যাক্স পরিশোধ করতে হবে। ভ্যাট ও ট্যাক্সসহ লটের সমুদয় মূল্য নির্ধারিত সময়ে পরিশোধ করতে ব্যর্থ হলে তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার জামানতের অর্থ সরকারেরর অনুকূলে বাজেয়াপ্তকরত: সংশ্লিষ্ট পুনঃবিক্রয় করা হবে। এতে সরকারের কোন ক্ষতি হলে উক্ত পরিমাণ অর্থের জন্য সংশ্লিষ্ট দরপত্রদাতাদের বিরুদ্ধে পি.ডি.আর এ্যাক্ট অনুযায়ী সরকারের ক্ষতি আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের হবে।

০৭। দরপত্রের মাধ্যমে বিক্রিত লটের বিক্রয়মূল্যের উপর নিয়ম মাফিক ৫% (শতকরা তিন ভাগ) আয়কর এবং ১০% হারে মূল্য সংযোজন কর (মুসক) অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি কলেজ-এর নিকট মানি রশিদের মাধ্যমে জমা দিয়ে উক্ত মূল রশিদসহ অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি কলেজ-এর কার্যালয়ে আবেদন করত: জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ টিনসেড ঘর অপসারণের জন্য নিয়মিত কার্যাদেশ গ্রহণ করতে হবে।

০৮। নিলাম ক্রেতাকে অপসারণের অনুমতি প্রদানের সাথে সাথে অপসারণ শুরু করে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে টিনসেড ঘর অপসারণ সম্পন্ন করতে হবে।

০৯। নিলাম ক্রেতাকে যথেষ্ট সর্তকতার সাথে অপসারণের কাজ সম্পাদন করতে হবে। অসর্তকতার দরুন অপসারণ/স্থানান্তরের সময় যদি পাশ্বের কোন গাছ বা স্থাপনা ক্ষতিগ্রস্থ/বিনষ্ট হয় তাহলে বিনষ্ট গাছের ও স্থাপনার মূল্য বাজার দরের দেড়গুণ হারে ক্রেতার নিকট হতে আদায় করা হবে। ঘর অপসারণের সময় যানবাহন, বৈদ্যুতিক তার, মাটির উপরে ও নীচে টেলিফোন তার ও সড়কের কোন ক্ষতিসাধন করা যাবে না। অনুরূপ যে কোন ক্ষতিসাধিত হলে সংশ্লিষ্ট নিলাম ক্রেতা দায়ী থাকবেন এবং ক্ষতিপুরণ প্রদানে বাধ্য থাকবেন। অন্যথায়, জামানতের অর্থ ফেরৎ দেওয়া হবে না এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১০। টিনসেড ঘর অপসারণ কাজ সম্পন্ন হলে ক্রেতার লিখিত আবেদনের প্রেক্ষিতে জামানতের টাকা নির্ধারিত সময়ে ফেরৎ দেওয়া হবে।

১১। কার্যাদেশ দেওয়ার দিন হতে টিনসেড ঘরের রক্ষণাবেক্ষণের পূর্ণ দায়িত্ব ক্রেতার উপর থাকবে। যদি কোন দৈব-দুর্বিপাকে, ঝড়-তুফান, বন্যায় বা আগুনে পুড়িয়া ঘরের কোন ক্ষতি সাধিত হয় উহার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং ক্ষতিপূরণ দাবী করলেও তা আইনতঃ অগ্রাহ্য হবে (কোন প্রকান আইন-শৃংখলার অবনতি, চুরি, ডাকাতি রাহাজানি ইত্যাদি কারণে অপসারনের কাজ ব্যাহত হলে তজ্জন্যকর্তৃপক্ষ দায়ী থাকবে না। এতে ক্রেতার কোন ক্ষতিসাধিত হলে তজ্জন্য কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না)।

১২। দরপত্র আহবানকারী কর্মকর্তা যদি মনে করেন যে, কোন ক্রেতা সন্ত্রাসীমূলক আচরণ প্রদর্শন করে অন্যান্য দরপত্র দাখিলকারীকে সংশ্লিষ্ট দরপত্র দাখিল হতে বিরত রাখছেন তাহলে সেই প্রাপ্ত দরপত্র খোলা অথবা গ্রহণের জন্য বিবেচনা করা হবে না। উপরন্তু উক্ত আচরণ প্রদর্শনকারীর জামানতের অর্থ নিম্নস্বক্ষরকারী বাজেয়াপ্ত করতে পারবেন এবং নিলামটি অবিক্রিত রয়েছে বলে গণ্য হবে।

১৩। সর্বোচ্চ বা অন্য কোন দরপত্র মঞ্জুর/গ্রহণ করা বা না করা দরপত্র মূল্যায়ন কমিটির বিবেচনা সাপেক্ষ এবং এতদ্ব্যাপারে কারো কোন দরপত্র মঞ্জুর করা অথবা না করবার দরুন কমিটি কোন কারণ দর্শাতে বাধ্য নহে।

১৪। দরপত্রদাতাগণকে PPR 2008 এবং PPA 2006 এর নিয়ম মানতে হবে। এই বিক্রয় নোটিশে যাহাই উল্লেখ থাকুক না কেন দরপত্রদাতাগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন-কানুনের আওতাভুক্ত থাকবেন।

১৫। দরপত্র বিজ্ঞপ্তির শর্তসমূহ চুক্তিপত্রের শর্ত বলিয়া পরিগণিত হবে।

১৬। যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দরপত্র প্রদান বা গ্রহণের সময় বিশৃংখলা, গোলযোগ, উত্তেজনা ও ত্রাস সৃষ্টির অপপ্রয়াস চালান এবং ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে দরপত্র দাখিলে বাধা প্রদান করেন তবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ ও নোট নং- ০২.৩৯.১৩.০০.২০.৯৬-৪৬ তারিখ: ১৩/১০/১৯৯৬ ইং অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। অনুরুপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র বাতিল করা হবে।

১৭। সংশ্লিষ্ট ঘর অপসারণের সময় ক্রেতা/তার মনোনীতি প্রতিনিধি স্পটে অবশ্যাই উপস্থিত থাকবেন। ক্রেতা/তার প্রতিনিধির অনুপস্থিতির কারণে ঘর অপসারণের ক্ষেত্রে কোন ধরণের অনিয়ম হলে তার জন্য ক্রেতাই দায়ী থাকবেন।

১৮। দরপত্র সূচীর নির্ধারিত তারিখে সরকার কর্তৃক কোন ছুটি ঘোষিত হলে তৎপরবর্তী খোলার তারিখ উক্ত দরপত্র সূচী কার্যকর হবে।

১৯। অত্র দরপত্রের শর্তাবলীর যে কোন শর্তের ব্যাপারে উদ্ভুত কোন সমস্যার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

18.05.2025

(প্রফেসর এ কে এম ইকরামুল করিম-১৬৯৬)
অধ্যক্ষ
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
ফোন নম্বর : ০২৪৭৮৮০৭৬৩০
ই-মেইল : rajbarigovt.college@yahoo.com